গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮৬/২০১৯-২০২০
ঢাকা ১১ মার্চ বুধবার ২০২০, ২৭ ফাল্গুন ১৪২৬

১। করোনাভাইরাসে আক্রান্ত তিনজনের অবস্থা ভালো, নতুন করে কেউ আক্রান্ত হয়নি : আইইডিসিআর
২। মাতারবাড়ী গভীর সমুদ্র বন্দরের কাজ দ্রুত শুরুর নির্দেশ প্রধানমন্ত্রীর
একনেকে ৯ প্রকল্প অনুমোদন
শিশু শীর্ষেন্দুকে দেওয়া কথা রাখলেন প্রধানমন্ত্রী
৩। ১৭ মার্চ জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী
৪। ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে আগামীকাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
করোনাভাইরাস মোকাবিলায় রাজধানী ঢাকার সব হাসপাতালে প্রস্তুতিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে সেতুমন্ত্রী
৫। করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রধানমন্ত্রীর জাপান সফর স্থগিত
৬। সাজেকে নির্মাণাধীন সড়ক পরিদর্শন করলেন স্বরাষ্ট্রমন্ত্রী
৭। জয়বাংলা জাতীয় স্লোগান : হাইকোর্টের রায়
৮। বিএনপিসহ সবাইকে 'জয় বাংলা' স্লোগান দিতে হবে : তথ্যমন্ত্রী
৯। রোহিঙ্গা ফেরাতে ভিয়েতনামের সহায়তা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী
১০। বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে করেনাভাইরাসের প্রভাব পড়লেও খুব বেশি আশঙ্কার কিছু নেই: পরিকল্পনামন্ত্রী
১১। স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক : করোনাভাইরাস মোকাবিলায় পাশে থাকার আশ্বাস ৩০ রাষ্ট্রদূতের
১২। প্রতি ইউনিয়ন থেকে এক হাজার লোক বিদেশে পাঠানো হবে : সিলেটে প্রবাসী কল্যাণমন্ত্রী
১৩। দেশকে এগিয়ে নেয়ার কাণ্ডারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা: সেমিনারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৪। নদী দখল-দূষণ রোধে প্রধানমন্ত্রী টাস্কফোর্স গঠন করেছেন : নৌ পরিবহণ প্রতিমন্ত্রী
১৫। দুর্যোগ মোকাবিলায় বিশ্বে বাংলাদেশ রোল মডেল : দুর্যোগ প্রতিমন্ত্রী
১৬। মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান দেশে-বিদেশে একসঙ্গে প্রচার হবে
১৭। ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ লন্ডনে তিনটি ভাষায় অনুবাদ হচ্ছে
১৮। পদ্মাসেতুর ২৬তম স্প্যান বসেছে : দৃশ্যমান ৩ হাজার ৯০০ মিটার

১। **করোনাভাইরাসে আক্রান্ত তিনজনের অবস্থা ভালো, নতুন করে কেউ আক্রান্ত হয়নি : আইইডিসিআর**

নতুন করে আর কারও শরীরে করোনাভাইরাসের সংক্রমণ পাওয়া যায়নি বলে নিশ্চিত করেছে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) করোনাভাইরাস নিয়ে নিয়মিত সংবাদসম্মেলনে প্রতিষ্ঠানটির পরিচালক অধ্যাপক ডা. মীরজাদি সেব্রিনা ফ্লোরা সাংবাদিকদের এ কথা বলেন। তিনি আরও বলেন, করোনাভাইরাসে আক্রান্ত হয়ে রাজধানীর একটি হাসপাতালে ভর্তি থাকা তিনজনের অবস্থা ভালো। সূত্র- **সমকাল** (পৃ.১১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

২। **মাতারবাড়ী গভীর সমুদ্র বন্দরের কাজ দ্রুত শুরুর নির্দেশ প্রধানমন্ত্রীর**
একনেকে ৯ প্রকল্প অনুমোদন
শিশু শীর্ষেন্দুকে দেওয়া কথা রাখলেন প্রধানমন্ত্রী

মাতারবাড়ী বন্দর উন্নয়নসহ ৯ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। মাতারবাড়ীতে একটি গভীর সমুদ্রবন্দর নির্মাণের লক্ষে নেওয়া প্রকল্পটি বাস্তবায়নে খরচ ধরা হয়েছে ১৭ হাজার ৭৭৭ কোটি টাকা। এ প্রকল্পে জাইকার ঋণ ধরা হয়েছে ১২ হাজার ৮৯২ কোটি টাকা। চলতি বছর শুরু হয়ে ২০২৭ সালের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করবে নৌপরিবহণ মন্ত্রণালয়ের অধীনে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং সড়ক ও জনপথ বিভাগ। প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (১০ মার্চ মঙ্গলবার) শেরেবাংলানগরস্থ এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত একনেক বৈঠকে ২৪ হাজার ১১৩ কোটি ২৭ লাখ টাকা ব্যয় সংবলিত মোট ৯টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সভায় ১ হাজার ৪২ কোটি ২৮ লাখ টাকা ব্যয়ে কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহালিয়া-কালাইয়া সড়কে পায়রা নদীর ওপর সেতু নির্মাণ প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। ২০১৬ সালে পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির ছাত্র শীর্ষেন্দু বিশ্বাস পায়রা নদীতে সেতু চেয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে চিঠি লিখেছিল। প্রধানমন্ত্রী সে চিঠির জবাবও দেন। সে সময় আশ্বাস দিয়েছিলেন সেতু নির্মাণ করা হবে। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) সেই সেতু নির্মাণ প্রকল্প একনেকে অনুমোদন দেওয়া হয়েছে। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৩। **১৭ মার্চ জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আগামী ১৭ মার্চ জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী প্রেস ব্রিফিংয়ে এ কথা জানান। সূত্র- **যুগান্তর** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৪। **ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে আগামীকাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**
করোনাভাইরাস মোকাবিলায় রাজধানী ঢাকার সব হাসপাতালে প্রস্তুতিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামীকাল ১২ মার্চ বৃহস্পতিবার গণভবন থেকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বাংলাদেশের প্রথম ঢাকা -মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বঙ্গবন্ধুর আরেক কন্যা শেখ রেহানাসহ প্রধানমন্ত্রী এ সড়কপথে চলতি মাসেই টুঙ্গিপাড়ায় যাবেন। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রী র রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে সেতুমন্ত্রী জানান, করোনাভাইরাস নিয়ে রাজনীতি করার কিছু নেই, মানবতা ও জনস্বাস্থ্যের কথা চিন্তা করে মুজিবশতবর্ষের উদ্বোধন অনুষ্ঠান পুনর্বিন্যাস করা হয়েছে। তিনি বলেন, করোনাভাইরাস মোকাবিলায় রাজধানী ঢাকার সব হাসপাতালে প্রস্তুতিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। জেলা -উপজেলার হাসপাতালগুলোতেও প্রস্তুতি আছে। তিনি বলেন , করোনা নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **বণিকবার্তা** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮)।

৫। **করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রধানমন্ত্রীর জাপান সফর স্থগিত**

করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে উদ্ভূত পরিস্থিতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাপান সফর স্থগিত করা হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) ঢাকায় মুজিববর্ষ উদ্‌যাপন আন্তর্জাতিক উপ-কমিটির সভা শেষে তিনি সাংবাদিকদের বলেন, প্রধানমন্ত্রীর জাপানে যাওয়ার কথা ছিল। জাপানের রাজার সঙ্গেও সাক্ষাতের ব্যবস্থা হয়েছিল। কিন্তু যেহেতু জাপানেও করোনাভাইরাস সংক্রমিত হয়েছে, সেহেতু সফর স্থগিত করা হয়েছে। দুই দিনের দ্বিপক্ষীয় সফরে আগামী ৩০ মার্চ জাপানে যাওয়ার কথা ছিল প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বণিকবার্তা** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৬। **সাজেকে নির্মাণাধীন সড়ক পরিদর্শন করলেন স্বরাষ্ট্রমন্ত্রী**

রাঙ্গামাটির বাঘাইছড়ি উপজেলার সাজেকের দুর্গম এলাকায় সেনাবাহিনী কর্তৃক নির্মাণাধীন সড়ক পরিদর্শন করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) বেলা সাড়ে ১১ টার দিকে সাজেকের সিজকছড়া থেকে সাজেকের উদয়পুর ২০ কিলোমিটার নির্মাণাধীন সড়ক পরিদর্শন করেন তিনি। এ সময় তিনি সড়কের বিভিন্ন জায়গা ঘুরে দেখেন এবং খোঁজখবর নেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

৭। **জয়বাংলা জাতীয় স্লোগান : হাইকোর্টের রায়**

'জয়বাংলা' স্লোগানকে জাতীয় স্লোগান ঘোষণা করে রায় দিয়েছে হাইকোর্ট। আগামী তিন মাসের মধ্যে এ রায় বাস্তবায়নের নির্দেশ দেয়া হয়েছে। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) বিচারপতি এফআরএম নাজমুল আহাসান ও বিচারপতি কেএম কামরুল কাদেরের বেঞ্চ এ রায় ঘোষণা করে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৮। **বিএনপিসহ সবাইকে 'জয় বাংলা' স্লোগান দিতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, হাইকোর্ট 'জয় বাংলা'কে জাতীয় স্লোগান হিসেবে গ্রহণ করার রায় দেওয়ার পরিপ্রেক্ষিতে এখন থেকে বিএনপিসহ সবাইকে জয় বাংলা স্লোগান দিতে হবে। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে সমসাময়িক বিষয় নিয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তি নি এসব কথা বলেন। তিনি বলেন, জয় বাংলা কোনো দলের স্লোগান না। এটা আমাদের মুক্তির স্লোগান। এ স্লোগান দিতে যাদের লজ্জা লাগে এ রায়ের পর তাদের সে লজ্জা আর থাকবে না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

৯। **রোহিঙ্গা ফেরাতে ভিয়েতনামের সহায়তা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গাদের ফেরাতে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য ও আসিয়ানের বর্তমান চেয়ার হিসেবে ভিয়েতনামের সহায়তা চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। ঢাকায় নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত ফ্যাম ভিয়েত চ্যানের সঙ্গে এক বৈঠকে তিনি এ সহায়তা চান। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

১০। **বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে করেনাভাইরাসের প্রভাব পড়লেও খুব বেশি আশঙ্কার কিছু নেই: পরিকল্পনামন্ত্রী**

করেনাভাইরাসের প্রাদুর্ভাবের নেতিবাচক প্রভাব পড়েছে দেশে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে। চীনা প্রকৌশলী ও শ্রমিকদের অনুপস্থিতিতে প্রকল্পে নেতিবাচক প্রভাব পড়ছে। চলতি ২০১৯-২০ অর্থবছরে আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন হয়েছে ৩৭ দশমিক শূন্য ৯ শতাংশ। গত অর্থবছরে বাস্তবায়ন হয়েছিল ৩৯ দশমিক ১৩ শতাংশ। করোনাভাইরাসের (কভিড-১৯) কারণে কিছুটা প্রভাব এডিপিতে পড়লেও খুব বেশি আশঙ্কার কিছু নেই বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। গতকা ল (১০ মার্চ মঙ্গলবার) শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত একনেক বৈঠক শেষে তিনি জানান, এ বছরে এডিপি বাস্তবায়নের হার গত অর্থবছরে একই সময়ের তুলনায় কিছুটা কম। তবে টাকার অঙ্কে বাস্তবায়ন বেড়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **বণিকবার্তা** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১৩,ক.১)।

১১। **স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক : করোনাভাইরাস মোকাবিলায় পাশে থাকার আশ্বাস ৩০ রাষ্ট্রদূতের**

প্রাণঘাতী করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশের পাশে থাকবে বিশ্বের ৩০টি দেশ। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেকের সঙ্গে এক জরুরি বৈঠকে রাষ্ট্রদূতরা এ আশ্বাস দেন। যুক্তরাষ্ট্র, চীন, দক্ষিণ কোরিয়া, ইরান, জাপান, ইতালি, ভারতসহ ৩০ দেশের কূটনীতিক এ বৈঠকে যোগ দেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনেডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

১২। **প্রতি ইউনিয়ন থেকে এক হাজার লোক বিদেশে পাঠানো হবে : সিলেটে প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ বলেছেন, বাংলাদেশের প্রতিটি জেলার প্রতিটি ইউনিয়ন থেকে এক হাজার করে লোক বিদেশে পাঠানো হবে। সে লক্ষে কাজ করে যাচ্ছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার। এছাড়াও প্রধানমন্ত্রী দেশে প্রযুক্তিনির্ভর কর্মসংস্থান গড়ে তুলতে বদ্ধপরিকর। গতকাল ১০ মার্চ মঙ্গলবার) সিলেটের কোম্পানীগঞ্জে 'প্রযুক্তিনির্ভর কর্মসংস্থান সুযোগ তৈরির ক্ষেত্রে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ভূমিকা' শীর্ষক সেমিনারে প্রবাসী কল্যাণমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৬)।

১৩। দেশকে এগিয়ে নেয়ার কাণ্ডারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা: সেমিনারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের নেতৃত্বে না এলে রাষ্ট্র ও সমাজের আজকের যে অগ্রগতি তার কিছুই হতো না। তবে এখনো অনেক চ্যালেঞ্জ আছে। এ চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যেতে হবে বহুদূর। আর সে এগিয়ে যাওয়ার কাণ্ডারি প্রধানমন্ত্রী শেখ হাসিনাই বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম শাহরিয়ার আলম। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গতকাল (১০ মার্চ মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে 'উইমেন লিডারশিপ ইন বাংলাদেশ মিডিয়া: চ্যালেঞ্জ অ্যান্ড দা ওয়ে ফরওয়ার্ড' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৪)।

১৪। নদী দখল-দূষণ রোধে প্রধানমন্ত্রী টাস্কফোর্স গঠন করেছেন : নৌ পরিবহণ প্রতিমন্ত্রী

নৌ পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী বলেছেন, ঢাকার চারপাশের নদীগুলো ঢাকার প্রাণ। এগুলোতে স্বাস্থ্যকর পরিবেশ ফিরিয়ে এনে ঢাকাকে আবাসযোগ্য করে গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় কাজ করা হচ্ছে। ঢাকার চারপাশের নদীগুলোসহ দেশের অন্যান্য নদীর দখল ও দূষণরোধে প্রধানমন্ত্রী 'টাস্কফোর্স' গঠন করে দিয়েছেন। পাশাপাশি নৌপরিবহণ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) ঢাকার চারপাশের নদীর দখল ও দূষণরোধে কাজ করে যাচ্ছে। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) ঢাকার কদমতলীর মুন্সিখোলাঘাটে ছয়টি ভারি জেটির নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ভোরের কাগজ** (পৃ.২, ক.৫)।

১৫। দুর্যোগ মোকাবিলায় বিশ্বে বাংলাদেশ রোল মডেল : দুর্যোগ প্রতিমন্ত্রী

প্রতি বছরের ন্যায় এবারও সারাদেশে যথাযোগ্য মর্যাদায় পালন হয়েছে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস। এবার দিবসটির প্রতিপাদ্য বিষয় ছিল 'দুর্যোগ ঝুঁকি হ্রাসে পূর্ব প্রস্তুতি, টেকসই উন্নয়ন আনবে গতি'। এ উপলক্ষে গতকাল (১০ মার্চ মঙ্গলবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান। দুর্যোগ প্রতিমন্ত্রী বলেন, সারাবিশ্বে দুর্যোগ সহনীয় জাতি হিসেবে বাংলাদেশ এখন রোল মডেল। জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন বাংলাদেশ সফরকালে বলেছেন, দুর্যোগ কীভাবে মোকাবিলা করতে হয় তা বাংলাদেশের কাছে সারা বিশ্বের শেখার আছে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক. ৪)।

১৬। মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান দেশে-বিদেশে একসঙ্গে প্রচার হবে

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী জানিয়েছেন, মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান দেশে-বিদেশে একসঙ্গে প্রচার করা হবে। করোনাভাইরাসের কারণে জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে জনসমাগম পরিহার করতে জাতীয় প্যারেড গ্রাউন্ডে মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান হচ্ছে না। এর পরিবর্তে ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান একসঙ্গে প্রচার করা হবে। গতকাল (১০ মার্চ মঙ্গলবার) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এক সংবাদসম্মেলনে তিনি এ বিষয়ে ব্রিফ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

১৭। ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ লন্ডনে তিনটি ভাষায় অনুবাদ হচ্ছে

বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ তিনটি ভাষায় অনুবাদের উদ্যোগ গ্রহণ করেছে লন্ডনে বাংলাদেশ হাইকমিশন। তিনটি ভাষা হচ্ছে ওয়েলস, স্কটিশ ও আইরিশ। ঢাকায় প্রাপ্ত এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল (১০ মার্চ মঙ্গলবার) এ কথা জানানো হয়। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১)।

১৮। পদ্মাসেতুর ২৬তম স্প্যান বসেছে : দৃশ্যমান ৩ হাজার ৯০০ মিটার

পদ্মাসেতুর ২৬তম স্প্যান '৫-ডি' সেতুর ২৮ ও ২৯ নম্বর পিলারের ওপর স্থাপন করা হয়েছে। এতে সেতুটি দৃশ্যমান হলো ৩ হাজার ৯০০ মিটার (৩.৯ কিলোমিটার)। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে প্রার্থীদের প্রতীক বরাদ্দ হওয়ার পরপরই মেয়র ও কাউন্সিলর প্রার্থীরা যেভাবে আনুষ্ঠানিক প্রচার শুরু করেছেন তা উৎসাহব্যঞ্জক উল্লেখ করে নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সংবাদ**: চলতি বছরে এখন পর্যন্ত ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ২৫০ জন, স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম এ তথ্যের কথা উল্লেখ করে এডিস মশা নিয়ন্ত্রণে এখনই উদ্যোগ নেওয়ার আহ্বান।

গ. **যায়যায়দিন**: চলতি ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি দাঁড়িয়েছে প্রায় ৮২ হাজার কোটি টাকা এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ অবস্থা থেকে উত্তরণে রপ্তানি আয় বাড়াতে কার্যকর উদ্যোগ নেওয়ার পরামর্শ।

ঘ. **ভোরের কাগজ :** তিন মাসের ব্যবধানে ব্যাংকিং খাতের মূলধন ঘাটতি বেড়েছে প্রায় ৬ হাজার কোটি টাকা উল্লেখ করে ব্যাংকিং খাতে শৃঙ্খলা ও সুশাসন ফিরিয়ে আনতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** খাল বা পুকুর খনন প্রকল্পের সরকারি কর্মকর্তাদের উগান্ডা সফরে কোটি কোটি টাকা ব্যয়ের ঘটনার কথা উল্লেখ করে এ ধরনের অপ্রয়োজনীয় ব্যয় বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে** : দখল ও দূষণের কবলে পড়া দেশের নদ-নদীগুলো সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

ছ. **অবজারভা** : দেশে করোনাভাইরাসে আক্রান্তদের যথাযথ চিকিৎসা ও এ ভাইরাসের ছড়িয়ে পড়া রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নারীর স্বনির্ভরতা অর্জন ও নারী স্বাধীনতা নিশ্চিত করা এবং দুর্নীতি নির্মূল করা সম্ভব হলে বাংলাদেশ হবে বিশ্বের বুকে মর্যাদাশীল ও গর্বিত দেশ।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত **‘অর্থনীতি ও শিক্ষায় করোনার প্রভাব এবং করণীয়’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, করোনা ঝুঁকি মোকাবিলায় মানুষকে সতর্ক করার জন্য সরকার ও অন্যান্য সেবামূলক প্রতিষ্ঠানের সচেতনতামূলক প্রচার কার্যক্রম চালানো উচিত এবং ভবিষ্যৎ পরিস্থিতি মোকাবিলার জন্য সবাইকে সর্বদা প্রস্তুত থাকতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা